

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

**বিষয়: মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিতব্য উত্তোলনী উদ্যোগের রেপ্লিকেশন বাস্তবায়ন বিষয়ক পর্যালোচনা সভার পূর্ব  
প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

সভাপতি	: মো: সিরাজুল হক খান, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
স্থান	: মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩)।
তারিখ ও সময়	: ১৯ অক্টোবর ২০১৭, বিকালঃ ০৮:৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত।

উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিতব্য উত্তোলনী উদ্যোগের রেপ্লিকেশন বাস্তবায়ন বিষয়ক পর্যালোচনা সভার পূর্ব প্রস্তুতিমূলক সভার কার্যক্রম শুরু করেন। তিনি ২২ অক্টোবর ২০১৭ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আহত ইনোভেশন রেপ্লিকেশন বাস্তবায়ন বিষয়ক পর্যালোচনা সভার গুরুত্ব তুলে ধরেন। গত ১২ জানুয়ারী ২০১৭ অনুষ্ঠিত শোকেসিং ওয়ার্কশপে কমিউনিটিতে মা ও শিশু স্বাস্থ্য সেবার মাধ্যমে মা ও শিশু মৃত্যুর হার কমানো এবং সরকারি হাসপাতালে বহিঃবিভাগে সেবা সহজীকরণ নামক দুটি প্রকল্প রেপ্লিকেশনের জন্য নির্বাচিত করা হয়। প্রকল্প দুটি বাস্তবায়নের বর্তমান অবস্থা বা অগ্রগতি ২২ অক্টোবর ২০১৭ ইং তারিখে মন্ত্রিপরিষদ সভায় পর্যালোচনা করা হবে। তিনি প্রকল্প দুটির বর্তমান অবস্থা তুলে ধরার জন্য প্রকল্প বাস্তবায়ন কর্তৃপক্ষকে অনুরোধ জানান।

২. “কমিউনিটিতে মা ও শিশু স্বাস্থ্য সেবার মাধ্যমে মা ও শিশু মৃত্যুর হার কমানো” প্রকল্পটির মূল উদ্যোগ্তা/বাস্তবায়নকারী কর্মকর্তা ডাঃ গোপেন্দ্রনাথ আচার্য, সিভিল সার্জন, যশোর ও প্রাক্তন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পুঁথিয়া, রাজশাহী জানান, পুঁথিয়া উপজেলার শিলমাড়িয়া ইউনিয়নের সাধনপুর কমিউনিটি ক্লিনিক এলাকা (পাইলট প্রকল্প) স্বাস্থ্য কমপ্লেক্স হইতে প্রায় ২৫ কিঃ মিৎ এবং সেখানে কোন ডাঙ্গার না থাকায় সেই একালায় গর্ভবতী মহিলারা ও শিশু চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হত। ফলোআপের জন্য তাদেরকে ২৫+২৫=৫০ কিঃ মিৎ রাষ্ট্র অতিক্রম করে স্বাস্থ্য সেবা নিতে হত যা একই সাথে ঝুকিপূর্ণ, সময় সাপেক্ষ এবং ব্যয়বহুল ছিল। কিন্তু প্রকল্পটি গ্রহণ করার ফলে মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর ঝুঁকি অনেক কমে গেছে।

৩. ডাঃ একেএম শামছ উদ্দিন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উজিরপুর, বরিশাল অনিবার্য কারণবশত: সভায় অংশগ্রহণ করতে পারেননি। তাঁর স্থলে ডাঃ শওকত আলী, মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উজিরপুর বরিশাল হাসপাতালে বহিঃবিভাগে সেবা প্রদান সহজীকরণ বিষয়টি ভিডিও প্রদর্শন করেন। উক্ত উপজেলায় রোগীরা টিকিট কাউন্টার, চিকিৎসকের চেম্বারের সামনে দীর্ঘক্ষণ লাইনে দাঢ়িয়ে সময় ক্ষেপন করে। প্রাণ্তিক দরিদ্র জনগন (পথশিশু, ভূমিহীন, নদীভাঙ্গন কবলিত, বৃক্ষ, শারীরিক ও মানসিক প্রতিবন্ধী রোগী) সঠিকরূপে চিহ্নিত না হওয়ায় রোগীরা ফ্রি চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হয়।

৪. সভাপতি মহোদয় পুঁথিয়ায় গৃহীত উত্তোলনী প্রকল্পটি জন বাস্তব বিধায় সারা দেশের বিভিন্ন দুর্গম ইউনিয়নে রেপ্লিকেশনের জন্য পরামর্শ প্রদান করেন। তিনি বলেন, রেপ্লিকেশনের জন্য প্রতিটি জেলার জেলা প্রশাসক-কে সচিব স্বাক্ষরিত ডিও লেটার এর মাধ্যমে স্বীয় জেলার রিমোট ইউনিয়ন বাছাই করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানাতে হবে।

৫. আঃ গাফুর খান, যুগ্ম-সচিব (প্রশাসন), কমিউনিটিতে মা ও শিশু স্বাস্থ্য সেবার মাধ্যমে মা ও শিশু মৃত্যুর হার কমানো প্রকল্পটির প্রশংসা করে পরিদর্শনের অভিজ্ঞতার কথা তুলে বলেন, রাজশাহী, পুঁথিয়া উপজেলার সাধনপুর ইউনিয়ন একটি রিমোট অঞ্চল। প্রকল্পটি শুরু হওয়ার পর সেখানে নিরাপদ স্বাভাবিক প্রসবের সংখ্যা বেড়েছে। সেই

সাথে মাত্রমৃত্যু ও শিশু মৃত্যুর হারও কমেছে। প্রকল্পটি তিনি বাংলাদেশের রিমোট অঞ্চলে রেপ্লিকেশনের পক্ষে মতামত ব্যক্ত করেন।

৬. সভাপতি রাজশাহী জেলায় পুঁথিয়ার সাধনপুরে গৃহীত প্রকল্পটি রেপ্লিকেশনের জন্য উপজেলার রিমোট ইউনিয়ন নির্বাচিত করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য প্রতিটি জেলার জেলা প্রশাসক-কে ডিও লেটার প্রেরণের নির্দেশনা প্রদান করেন।

০৭. সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ক) রাজশাহী জেলার পুঁথিয়া উপজেলায় গৃহীত প্রকল্পটি রেপ্লিকেশনের জন্য দুর্গম ইউনিয়ন বাছাই করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য জেলা প্রশাসক-কে আগামী ১৫ দিনের মধ্যে সচিব মহোদয় স্বাক্ষরিত ডিও লেটার প্রদান করতে হবে;
- খ) ডিও লেটারে প্রকল্পের পটভূমি ও রিমোট বা অবহেলিত অঞ্চল বাছাই করার কথা উল্লেখ করতে হবে; এবং
- গ) বরিশাল জেলায় উজিরপুরে গৃহীত প্রকল্পটি আরও SMART করে বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে।

০৮. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত: ৩০.১০.২০১৭

(মো: সিরাজুল হক খান)

সচিব

স্বাস্থ্য সেবা বিভাগ

১৫ কার্তিক ১৪২৪


তারিখ: ৩০ অক্টোবর ২০১৭

**বিতরণ (জ্যোত্তার ভিত্তিতে নয়):**

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৩. উপসচিব, প্রশাসন-৩ (কাউন্সিল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৪. উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা ও বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৫. উপসচিব, মানবসম্পদ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপসচিব (ক্রয় ও সংগ্রহ-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৭. উপপ্রধান (স্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৮. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, বা/এ, ঢাকা।
৯. সিনিয়র সহকারী সচিব, নার্সিং-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর), ঢাকা।
১২. ডাঃ গোপেন্দ্রনাথ আচার্য, সিভিল সার্জন, যশোর (বর্তমানে উপপরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ ও হাসপাতালে বদলির আদেশাধীন)।
১৩. ডাঃ মোহাম্মদ সাঙ্গদুল হক, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পুঁথিয়া, রাজশাহী।
১৪. ডাঃ মো: শওকত আলী, মেডিকেল অফিসার, উজিরপুর, বরিশাল।
১৫. ইনোভেশন টিমের নির্বাচিত ১জন সদস্য, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৬. ইনোভেশন অফিসার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১৭. ইনোভেশন অফিসার, টেমো, মহাখালী, ঢাকা।

**জ্ঞাতাৰ্থে:**

সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।

  
(মো: লুৎফুর রহমান)  
উপসচিব

ফোন: ৯৫৪০৩৬২

ই-মেইল: [monitor@mohfw.gov.bd](mailto:monitor@mohfw.gov.bd)